গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফেনী সদর, ফেনী
www.sadar.feni.gov.bd

স্মারক নং- ৩১.২০.৩০২৯.০০২.০৪.০০৪.২৩- ১১২ তারিখ: ০৪ পৌষ ১৪২৯ / ১৮ জানুয়ারি ২০২৩

**"সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯" এর আলোকে জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহবান বিজ্ঞপ্তি**

এতদ্বারা ফেনী সদর উপজেলার নিম্নবর্ণিত জলমহালসমূহ ১৪৩০ বাংলা সনের ১ বৈশাখ হতে ১৪৩২ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য ০৩ বছর মেয়াদে ইজারা/ বন্দোবস্ত প্রদানের নিমিত্ত আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ মৎস্যজীবী সংগঠন সমূহকে ইজারা গ্রহণের জন্য ভূমি মন্ত্রণালয়, সায়রাত অধিশাখা-১ এর ১৩/১২/২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২) ৪৭ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী (পরিশিষ্ট-'ক') প্রয়োজনীয় কাগজপত্রসহ jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন/ দরপত্র প্রস্তাব দাখিলের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপির সাথে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা জমার রশিদসহ সীলগালা মুখবন্ধ খামে ২৬ মাঘ, ১৪২৯ (০৯ ফেব্রুয়ারি, ২০২৩) থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে জেলাপ্রশাসকের কার্যালয়, ফেনী এর রাজস্ব শাখায় দাখিল করতে বলা হলো।

উক্ত বিজ্ঞপ্তিটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফেনী সদর, ফেনী এর ওয়েবসাইটেও (www.sadar.feni.gov.bd) পাওয়া যাবে।

| ক্র. নং | জলমহালের নাম | জলমহালের বিবরণ, মৌজা দাগ নং, পরিমাণ | সরকারী মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | পূর্ব বিজয়সিংহ ছোট হারদা দিঘী জলমহাল | নামঃ পূর্ব বিজয়সিংহ ছোট হারদা দিঘী<br>মৌজাঃ ৩৯ পূর্ব বিজয় সিংহ<br>দাগঃ ২৩৭৩<br>পরিমানঃ ৯.০২০০ একর | ৩,১৫,০০০/-<br>(তিন লক্ষ পনের হাজার টাকা মাত্র) | |
| ০২ | গোয়ালিয়া পুকুর | নামঃ গোয়ালিয়া পুকুর<br>মৌজাঃ ৭৬ নং পূর্ব লক্ষীপুর<br>দাগঃ ৭৯৫৩<br>পরিমানঃ ০. ৯৭০০ একর | ২৩,৭০০/-<br>(তেইশ হাজার সাতশত টাকা মাত্র) | |
| ০৩ | লস্করহাট দাখিল মাদ্রাসা পুকুর | নামঃ লস্করহাট দাখিল মাদ্রাসা পুকুর<br>মৌজাঃ ৭৬ নং পূর্ব লক্ষীপুর<br>দাগঃ ৭৮৯০<br>পরিমানঃ ০.৫৫০০ একর | ২০,৫০০/-<br>(বিশ হাজার পাঁচ শত টাকা মাত্র) | |

১৮/০১/২০২৩

(মো: আনোয়ার হোসাইন পাটোয়ারী)
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, ফেনী
মোবাইল: ০১৭১৩১৮৭৩১৪
ই-মেইল: unofeni@mopa.gov.bd

## জলমহাল ইজারা / বন্দোবস্ত দরপত্র দাখিলের শর্তাবলী

০১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত , সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট জলমহালের ব্যবস্থাপনা জন্য আবেদন করতে পারবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তা হলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/ জেলা মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।

০২। উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নয়, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

০৩। প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যারা সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই তারাও আবেদনে অংশগ্রহণের উপযুক্ত বিবেচিত হবেন।

০৪। আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরুপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা / সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করবেন ও বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমাণের দরকার হবে না।

০৫। উপজেলা জলমহাল কমিটি স্থানীয়ভাবে অনুসন্ধানের মাধ্যমে বা পরবর্তীতে জরিপ কার্যক্রম সম্পন্ন হয়ে থাকলে জরিপের মাধ্যমে উপজেলাধীন জলমহালসমূহের পার্শ্ববর্তী এলাকা/ গ্রামে/ তীরে বসবাসকারী এ নীতিতে প্রদত্ত সংজ্ঞা অনুযায়ী আবেদনকারী সমিতির সদস্যদের তালিকা যাচাই করবে। যদি যাচাই করে দেখা যায় যে, সমিতির দেয়া তালিকায় সকলে মৎস্যজীবী তাহলে উপজেলা ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির বিবেচনার জন্য প্রত্যয়নপত্র দিবেন বা প্রকৃত মৎস্যজীবী না হলে তা চিহ্নিত করে দিবেন।

০৬। আবেদনপত্রের সাথে আবেদন উদ্ধৃত মূল্যের ২০% অর্থ জামানাত হিসেবে তফসিলভুক্ত ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার ফেনী সদর, ফেনীর অনুকূলে অবশ্যই দাখিল করতে হবে।

০৭। টেন্ডার গৃহীত ০৭ (সাত) দিনের মধ্যে সরকার কর্তৃক ধার্যকৃত ইজারামূল্যসহ ১৫% ভ্যাট এবং ৫% আয়কর প্রদান করতে হবে। ১৪৩১ ও ১৪৩২ সালের সরকারি পাওনাদী যথাক্রমে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল ও জামানত বাজেয়াপ্ত হবে।

০৮। দরপত্র দাখিলের পূর্বেই সরেজমিন জলমহালের অবস্থা, পরিমাণ ইত্যাদি প্রত্যক্ষভাবে যাচাই-বাছাই করে দরপত্রে অংশগ্রহণ করতে হবে। এ বিষয়ে পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৯। যে সকল মৎস্যজীবী সমবায় সমিতি / প্রতিষ্ঠান এর অনুকূলে ইজারগ্রহীতা হিসেবে জলমহালের ইজারার অর্থ বকেয়া আছে অথবা সার্টিফিকেট মামলা রুজু আছে তারা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না।

১০। প্রথম ইজারামূল্য পরিশোধপূর্বক ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। টেন্ডারে প্রাপ্ত জলমহাল কোনক্রমেই সাবলীজ দেয়া যাবে না। যদি সাবলীজ দেয়া হয় তবে টেন্ডার বাতিল হবে এবং সমুদয় অর্থ সরকারি খাতে বাজেয়াপ্ত হবে।

১২। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও বিভিন্ন সময়ে জারীকৃত সরকারি বিধি বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

১৩। দরপত্রের বিষয়ে বিজ্ঞপ্তির তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে জানা যাবে।

১৪। জলমহাল ব্যবস্থাপনা কমিটি আবেদনপত্রে গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং সর্বোচ্চ দরদাতা রিজার্ভ রেখে পুনঃদরপত্র আহবান করতে পারবে।


সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ইজারা/ বন্দোবস্ত সংক্রান্ত উপজেলা কমিটি
ফেনী সদর, ফেনী।
মোবাইল: ০১৭১৩১৮৭৩২৪
ই-মেইল: aclandfenisadar@gmail.com

পরিশিষ্ট-'ক'

জলমহাল ইজারা সংক্রান্ত আবেদন দাখিল/প্রস্তাব প্রেরণর ক্ষেত্রে সংযুক্ত কাগজপত্রাদির চেকলিস্ট

০১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত চেকলিস্ট অনুসরণপূর্বক উন্নয়ন প্রকল্পে জলমহাল ইজারার আবেদন দাখিল:

(ক) বিস্তারিত বিবরণ;

(খ) প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি;

(গ) নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি;

(ঘ) মৎস্যজীবীদের জাতীয় পরিচয়পত্র;

(ঙ) মৎস্যজীবী পরিচয়পত্র (এফআইডি কার্ড)(প্রযোজ্য ক্ষেত্রে);

(চ) আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র;

(ছ) সমিতির নিকট সরকারি পাওনা এবং সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা নেই মর্মে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়নপত্র;

জ) সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন এমন অঙ্গীকারনামা;

ছ) উপজেলা নির্বাহী অফিসারকে প্রদেয় প্রস্তাবিত ইজারামূল্যের ২০% জামানত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর কপি

ঞ) সমিতির গঠনতন্ত্র;

ট) সমিতির সভার কার্যবিবরণী;

ঠ) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুলস অনুসারে);

ড) অডিট রিপোর্ট: আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ণপত্র দাখিল করবেন ও বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমাণকের দরকার হবে না।

সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ইজারা/ বন্দোবস্ত সংক্রান্ত উপজেলা কমিটি
ফেনী সদর, ফেনী।

মোবাইল: ০১৭১৩১৮৭৩১৪
ই-মেইল: aclandfenisadar@gmail.com